গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট
উপশহর, রাজশাহী
www.cevrajshahi.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অধিশাখা-৩ (শুল্ক), অর্থমন্ত্রণালয়, ঢাকার পত্র নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০২৩.১১.৭৪৯, তারিখঃ ২৮/১০/২০১৫খ্রিঃ এর অনুমোদন অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী এর নিম্নলিখিত শূন্য পদের বিপরীতে বিধি মোতাবেক অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তাধীনে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন
১)	সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর ৫৫০০-১২০৯৫/-	০১ (এক)টি	কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় পাস। ইংরেজি ও বাংলা শর্টহ্যান্ড ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ এবং কম্পিউটার টাইপের ন্যূনতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ।	রাজশাহী ও নওগাঁ জেলা ব্যতীত রাজশাহী বিভাগের সকল জেলা।
২)	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ৫২০০-১১২৩৫/-	০১ (এক)টি	কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় পাস। ইংরেজি ও বাংলা শর্টহ্যান্ড ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ এবং কম্পিউটার টাইপের ন্যূনতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ।	রাজশাহী ও সিরাজগঞ্জ জেলা ব্যতীত রাজশাহী বিভাগের সকল জেলা।
৩)	উচ্চমান সহকারী ৫২০০-১১২৩৫/-	০৬ (ছয়)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে।	নাটোর, চাঁপাইনবাবগঞ্জ ও সিরাজগঞ্জ জেলা ব্যতীত রাজশাহী বিভাগের সকল জেলা।
৪)	ক্যাশিয়ার ৫২০০-১১২৩৫/-	০৬ (ছয়)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে।	রাজশাহী বিভাগের সকল জেলা।
৫)	ড্রাফ্টসম্যান-২ ৫২০০-১১২৩৫/-	০১ (এক)টি	(ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সরকার কর্তৃক অনুমোদিত কোন কারিগরী প্রতিষ্ঠান থেকে স্থাপত্য কর্মের নকশা অংকনকারী বিষয়ে ডিপ্লোমা।	রাজশাহী বিভাগের সকল জেলা।
৬)	ডাটা এন্ট্রি অপারেটর ৪৭০০-৯৭৪৫/-	০১ (এক)টি	(ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ডাটা এন্ট্রি অপারেটর হিসেবে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। (খ) স্ট্যান্ডার্ড অ্যাপটিচ্যুড টেষ্ট এ উত্তীর্ণ হতে হবে।	রাজশাহী বিভাগের সকল জেলা।
৭)	অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ৪৭০০-৯৭৪৫/-	০৯ (নয়)টি	(ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) Word Processing/Data Entry/Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে উভয়ক্ষেত্রে ২০ শব্দ।	রাজশাহী ও পাবনা জেলা ব্যতীত রাজশাহী বিভাগের সকল জেলা।
৮)	ড্রাইভার ৪৭০০-৯৭৪৫/-	১৩ (তের)টি	(ক) ৮ম শ্রেণী পাস (খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের হালকা ও ভারী গাড়ি চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	রাজশাহী বিভাগের সকল জেলা।
৯)	সিপাই ৪৫০০-৯০৯৫/-	৮২ (বিরাশি)টি	ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) শারীরিক যোগ্যতাঃ উচ্চতা-মহিলা- ৫'-২" পুরুষ- ৫'-৪" বুকের মাপ ৩০-৩২" (উভয় ক্ষেত্রে)	রাজশাহী বিভাগের সকল জেলা
১০)	ডেসপাস রাইডার ৪৪০০-৮৫৮০/-	০১ (এক)টি	ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) বিআরটিএ হতে মটর সাইকেল লাইসেন্সধারী।	নওগাঁ জেলা ব্যতীত রাজশাহী বিভাগের সকল জেলা।
১১)	নিরাপত্তা প্রহরী ৪১০০-৭৭৪০/-	০৪ (চার)টি	ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	রাজশাহী বিভাগের সকল জেলা।

জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তক প্রবর্তিত নিম্নোক্ত ০১ (এক) পাতার ফরমে স্বহস্তে আবেদন করতে হবেঃ

চাকুরীর আবেদন ফরম

বরাবর
কমিশনার
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
বাড়ি নং-১৯৬, সেক্টর-২, হাউজিং এস্টেট
উপশহর, রাজশাহী।

(সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজ ৪ (চার) কপি সত্যায়িত ছবি)

১.	পদের নাম:	
৩.	প্রার্থীর নাম:	বাংলায়: ইংরেজিতে (বড় অক্ষরে):
৪.	জাতীয় পরিচয়পত্র নম্বর:	(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর:	
৫.	জন্ম তারিখ:	৬। জন্মস্থান (জেলা):
৭.	০১/১২/২০১৫ তারিখে প্রার্থীর বয়স:	.....বছর .....মাস .....দিন
৮.	মাতার নাম:	
৯.	পিতার নাম:	

১০.	ঠিকানা:	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/নম্বর):		
	গ্রাম/পাড়া/মহল্লা:		
	ইউনিয়ন/ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোস্ট কোড নম্বর:		
	উপজেলা:		
	জেলা:		

১১.	যোগাযোগ	মোবাইল/টেলিফোন নম্বর	ই-মেইল (যদি থাকে)

১২.	জাতীয়তা:	১৩.	লিঙ্গ:
১৪.	ধর্ম:	১৫.	পেশা:

১৬. শিক্ষাগত যোগ্যতা

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণী/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):	
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):	
১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা; এতিম/শারীরিক প্রতিবন্ধি
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী; আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য; অন্যান্য (উল্লেখ করুন)

২০.	ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর		তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র
	ব্যাংক ও শাখার নাম										

২১	বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন)	হাঁ	না	প্রযোজ্য নয়

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র

প্রার্থীর স্বাক্ষর

সংযুক্তি:

আবেদনের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবেঃ

১. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ
(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি;
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (চারিত্রিক সনদের সত্যায়িত কপি গ্রহণযোগ্য নয়);
(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি;
(ঙ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং
(চ) সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি।

২. আবেদনকারীর বয়স ০১ ডিসেম্বর, ২০১৫খ্রিঃ তারিখে ন্যূনতম ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা ও শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার পুত্র কন্যার ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র কন্যার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. সরকারি চাকুরীতে নিয়োজিত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪. মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী সত্যায়িত মুক্তিযোদ্ধা সনদপত্র (চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে যাচাই করা হবে) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৫. আবেদনকারী মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬. প্রচলিত বিধি মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান, মহিলা, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধিদের জন্য নির্ধারিত কোটায় বিধি মোতাবেক প্রার্থী নিয়োগ করা হবে।

৭. দেশের সকল জেলার প্রতিবন্ধি ও এতিম নিবাসি আবেদন করতে পারবেন।

৮. আবেদনপত্রের সাথে যেকোন তফসিলি ব্যাংক হতে ক্রমিক নং-১ হতে ১০ পর্যন্ত ১০০ (একশত) টাকা এবং ক্রমিক নং-১১ এর জন্য ৫০ (পঞ্চাশ) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী, বাড়ি নং-১৯৬, সেক্টর-০২, হাউজিং এস্টেট, উপশহর, রাজশাহী বরাবরে ইস্যু করে তা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৯. প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদনপত্র কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী, বাড়ি নং-১৯৬, সেক্টর-০২, হাউজিং এস্টেট, উপশহর, রাজশাহী বরাবরে ডাকযোগে ২১ জানুয়ারি, ২০১৬খ্রিঃ তারিখ বিকেল ০৫.০০টার মধ্যে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সরাসরি/হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১০. খামের উপরে সুস্পষ্ট অক্ষরে প্রার্থীর পদের নাম, নিজ জেলা ও যে কোটায় চাকুরী প্রার্থী (প্রযোজ্য ক্ষেত্রে) তা লিখতে হবে।

১১. আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯.৫০"×৪.২৫" বিশিষ্ট একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১২. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা/পরীক্ষাসমূহের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. বিজ্ঞাপিত পদের সংখ্যা কর্তৃপক্ষ বাড়ানো, কমানো, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. অসম্পূর্ণ আবেদনপত্র বা আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য বা কোনরূপ ত্রুটি-বিচ্যুতি পাওয়া গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই তা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫. কোন তথ্য গোপন করে ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবেন না। এক্ষেত্রে পরবর্তীতে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জন প্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধিবিধান প্রযোজ্য হবে।

১৭. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১৮. সকল কাগজপত্রাদি ও ছবি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সত্যায়নকারী গেজেটেড কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল সম্বলিত সীল থাকতে হবে।

আব্দুল মান্নান শিকদার
কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
রাজশাহী
E-mail: cevraj93@yahoo.com

জিডি-৩৯২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৩৮-৪৬, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা
www.fireservice.gov.bd

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

টেন্ডার নং এফএস ও সিডি/কেঃকাঃ/০১ তারিখঃ ১৪/১২/২০১৫খ্রিঃ

০১।	মন্ত্রণালয়/বিভাগ	স্বরাষ্ট্র মন্ত্রণালয়।		
০২।	এজেন্সী	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ৩৮-৪৬, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।		
০৩।	মেরামতকারী সংস্থা	-ঐ-		
০৪।	দরপত্র আহ্বানকারী	পরিচালক (অপাঃ ও মেইনঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।		
০৫।	তহবিল খাত	রাজস্ব।		
০৬।	সংগ্রহ পদ্ধতি	উন্মুক্ত দরপত্র।		
০৭।	টেন্ডার প্যাকেজ নং	০১ (এক)।		
০৮।	টেন্ডার প্যাকেজ	দূর্ঘটনা কবলিত ভিহিক্যাল (অগ্নি নির্বাপনী সরঞ্জাম) মেরামত।		
০৯।	দরদাতার যোগ্যতা	প্রকৃত গাড়ী মেরামতকারী প্রতিষ্ঠানটির হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট, টিন, আয়কর, অভিজ্ঞতার সনদপত্র, ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র এবং সিডিউলে বর্ণিত অন্যান্য শর্তাবলী।		
১০।	দরপত্র তফসিল বিক্রয়ের স্থান	সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলীর দপ্তর, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ৩৮-৪৬, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।		
১১।	দরপত্র সিডিউল বিক্রয়	২৩/১২/২০১৫খ্রিঃ হতে ০৬/০১/২০১৬খ্রিঃ পর্যন্ত (অফিস চলাকালীন সময়)।		
১২।	দরপত্র জমা দেয়ার স্থান	পরিচালক (অপাঃ ও মেইনঃ), অফিস কক্ষ।		
১৩।	দরপত্র দাখিলের শেষ তারিখ ও শেষ সময়	০৭/০১/২০১৬খ্রিঃ বেলা ঃ ১২.০০ ঘটিকা পর্যন্ত।		
১৪।	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	সম্মেলন কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। তারিখ ঃ ০৭/০১/২০১৬খ্রিঃ, সময় বেলা ঃ ১২.১৫ ঘটিকা।		
১৫।	দরপত্র মেরামতি কাজের বিবরণ	সিডিউলের মূল্য	দরপত্র জামানত	মেরামতের সর্বোচ্চ সময়সীমা (চুক্তিপত্র স্বাক্ষরিত হওয়ার তারিখ হতে)
	অগ্নিনির্বাপনী সাজ-সরঞ্জাম ইস্যুজ ট্রাক (রেজিঃ নং-ঢাকা-মেট্রো-শ-১৪-০১৭৬) দূর্ঘটনা কবলিত ক্ষতিগ্রস্থ গাড়ীর চেসিস, বডি ও অন্যান্য মেরামত।	৭৫০/০০	৩৪,৫৫০/০০	৯০ (নব্বই) দিন।
	(বিশ্রঃ-অফিস চলাকালীন সময় দূর্ঘটনা কবলিত গাড়ীটি কেন্দ্রীয় কারিগরি কারখানা, ঢাকায় দেখা যেতে পারে)।			

শর্তাবলীঃ

১। যে কোন সিডিউল ব্যাংক হতে দরপত্র জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি এর মাধ্যমে দরপত্রের সাথে "মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা-১০০০" এর অনুকূলে জমা দিতে হবে।
২। দরপত্র খোলার সময় দরপত্রদাতা বা দরপত্রদাতার মনোনীত প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।
৩। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই সকল অথবা যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
৪। পিপিআর-২০০৮ এর বিধি বিধান এ টেন্ডারের ক্ষেত্রে প্রযোয্য হবে।
৫। কর্তৃপক্ষ সর্বনিম্ন দরদাতার দর গ্রহণে বাধ্য নহেন।

মেজর একেএম শাকিল নেওয়াজ
পরিচালক (অপাঃ ও মেইনঃ)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
ও চেয়ারম্যান, টেন্ডার কমিটি
ফোনঃ ৯৫৫৮০৮৫

জিডি-৩৯০০

বাংলাদেশ পর্যটন করপোরেশন

কেন্দ্রীয় স্টোর, প্রশাসন বিভাগ
বীর উত্তম এ, কে, খন্দকার সড়ক, ৮৩-৮৮, মহাখালী বা/এ, ঢাকা।

গাড়ী ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

১।	মন্ত্রণালয়/বিভাগ	:	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
২।	সংস্থা/দপ্তর	:	বাংলাদেশ পর্যটন করপোরেশন
৩।	দরপত্র আহবানকারী বিভাগের নাম	:	কেন্দ্রীয় ক্রয় ও স্টোর, প্রশাসন বিভাগ
৪।	দরপত্র আহবানকারী দপ্তরের জেলা	:	ঢাকা।
৫।	যে কাজের জন্য দরপত্র	:	প্যাকেজ-ক ব্রান্ড নিউ ১৫ আসন বিশিষ্ট মাইক্রোবাস = ১ টি প্যাকেজ-খ ব্রান্ড নিউ ৩০ আসন বিশিষ্ট ট্যুরিস্ট কোচ = ১ টি
৬।	দরপত্র নম্বর	:	ইস্যু নং- ০০.০১৫.০০৭.২০.০৩.০৯২.২০১৩/৩০৬৩
৭।	দরপত্র ইস্যুর তারিখ	:	১৪/১২/২০১৫ ইং
৮।	দরপত্র পদ্ধতি	:	উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি
৯।	বাজেট ও অর্থের উৎস	:	সংস্থার নিজস্ব অর্থ
১০।	প্রোগ্রাম কোড	:	প্রযোজ্য নহে
১১।	দরপত্র প্যাকেজের নাম	:	প্যাকেজ-ক ব্রান্ড নিউ ১৫ আসন বিশিষ্ট মাইক্রোবাস = ১ টি প্যাকেজ-খ ব্রান্ড নিউ ৩০ আসন বিশিষ্ট ট্যুরিস্ট কোচ = ১ টি
১২।	দরপত্র শিডিউল বিক্রয়ের শেষ তারিখ	:	২৮/১২/২০১৫ তারিখ বিকাল ৪ ঘটিকা পর্যন্ত
১৩।	দরপত্র গ্রহণের শেষ তারিখ	:	২৯/১২/২০১৫ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত
১৪।	দরপত্র খোলার তারিখ ও সময়		২৯/১২/২০১৫ তারিখ দুপুর ৩.০০ ঘটিকা পর্যন্ত
১৫।	দরপত্র বিক্রয় ও গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা	:	(১) বাংলাদেশ পর্যটন করপোরেশন প্রধান কার্যালয়, প্রশাসন বিভাগ, বীর উত্তম এ, কে, খন্দকার সড়ক, ৮৩-৮৮ মহাখালী বা/এ, ঢাকা। (২) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ভবন নং-৬, ঢাকা। (৩) জয় রেস্তোরাঁ, বাংলাদেশ পর্যটন করপোরেশন, নবীনগর, সাভার, ঢাকা। (৪) ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৬।	দরপত্র দাতাদের যোগ্যতা	:	বিদেশে প্রস্তুতকারী, রফতানীকারক প্রতিষ্ঠানের অনুমোদিত বাংলাদেশী এজেন্সী/ডিলার/আমদানীকারক/সরবরাহকারী/সংযোজনকারী
১৭।	কাজের সংক্ষিপ্ত বিবরণ	:	প্যাকেজ-ক ব্রান্ড নিউ ১৫ আসন বিশিষ্ট মাইক্রোবাস = ১ টি প্যাকেজ-খ ব্রান্ড নিউ ৩০ আসন বিশিষ্ট ট্যুরিস্ট কোচ = ১ টি

১৮।

ক্রমিক	প্যাকেজের নাম	টেন্ডার সিকিউরিটি	দরপত্র দলিলের মূল্য (অফেরতযোগ্য)	সরবরাহের সময়
১।	প্যাকেজ-ক ব্রান্ড নিউ ১৫ আসন বিশিষ্ট মাইক্রোবাস = ১ টি	১.২০ লক্ষ টাকা	১,৫০০ টাকা	২০ (বিশ) দিন
	প্যাকেজ-খ ব্রান্ড নিউ ৩০ আসন বিশিষ্ট ট্যুরিস্ট কোচ = ১ টি	১.৮০ লক্ষ টাকা	২,০০০ টাকা	

১৯।	দরপত্র আহবানকারী	:	মহা-ব্যবস্থাপক (প্রশাসন)
২০।	দরপত্র আহবানকারীর ঠিকানা	:	বাংলাদেশ পর্যটন করপোরেশন বীর উত্তম এ, কে, খন্দকার সড়ক, ৮৩-৮৮ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
২১।	দরপত্রদাতাকে টেন্ডার ডুকুমেন্টের সকল পাতায় স্বাক্ষর করতে হবে।		
২২।	পাবলিক প্রকিউরমেন্ট রুল ২০০৮ এর প্রদত্ত ক্রয় সংক্রান্ত পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করিতে হবে।		
২৩।	বাপক কর্তৃক কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।		

মহা-ব্যবস্থাপক (প্রশাসন)

GD-3913